তারিখ 01 OCT 1990
পৃষ্ঠা ৯ কলাম ৮

দৈনিক সংবাদ

156

আজ ডাকসু'র ছাত্র কনভেনশন

# ক্যাম্পাস পরিস্থিতিতে অন্যান্য সংগঠন যোগ দেবে না

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ক্যাম্পাসে ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দল ও সংঘর্ষের মুখে ডাকসু আহূত ছাত্র কনভেনশনে অন্যান্য ছাত্র সংগঠন যোগদান না করার সিদ্ধান্ত

( ৯-এর পাতায় দেখুন )

## যোগ দেবে না

(১ম পাতার পর)

নিয়েছে। তাদের ধারণা, এই অভ্যন্তরীণ কোন্দলের ফলে বিশ্ববিদ্যালয়ে গত পক্ষকাল ধরে যে অস্থিরতা বিরাজ করছে, তাতে কনভেনশনে কোন ফল পাওয়া যাবে না।

আজ সোমবার ইঞ্জিনিয়ার্স ইনসটিটিউট মিলনায়তনে এই কনভেনশন সকাল ১০টায় শুরু হবে।

জাতীয়তাবাদী ছাত্রদলের দু'টি বিবদমান গ্রুপের কোন্দল উক্ত দলের নেতৃত্বাধীন ডাকসুর ওপর প্রভাব ফেলছে। নেতাদের কেউ কেউ ডাকসু ভবনে আসা-যাওয়া করতে পারছেন না। গত শুক্রবার পুলিশ পাহারায় ডাকসুর সাধারণ সভা হয়েছে। হলে হলে গতকাল রোববারও অস্ত্রধারীদের অবস্থান করতে দেখা গেছে।

দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের নির্বাচিত ছাত্র সংসদের নেতৃবৃন্দ এই কনভেনশনে অংশগ্রহণ করবেন।